যুগান্তর
প্রিন্ট: ০৭ অক্টোবর ২০২৫, ১১:০৯ এএম

শিক্ষাঙ্গন

# এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া নিয়ে নতুন প্রস্তাব

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৬ অক্টোবর ২০২৫, ০৬:৩৬ পিএম



আন্দোলনের মুখে নতুন করে বাড়িভাড়া বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে নতুন প্রস্তাবনা পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সোমবার (৬ অক্টোবর) শিক্ষা মন্ত্রণালয় থেকে গণমাধ্যমের কাছে প্রস্তাবনা এ-সংক্রান্ত একটি অফিস আদেশ পাঠানো হয়।

নতুন প্রস্তাবে ৪টি স্লটে শিক্ষক-কর্মচারীদের দাবি উল্লেখ করে বাড়ি ভাড়া বাড়ানোর প্রস্তাব দেওয়া হয়। ২০ শতাংশ বাড়ি ভাড়া বাড়ালে কত টাকা ন্যূনতম বাড়বে, ১৫ শতাংশ বাড়ালে ন্যূনতম ভাতা কত হবে, ১০ শতাংশ বাড়ালে ন্যূনতম ভাতা কত হবে এবং ২০ শতাংশ বাড়ালে ন্যূনতম বেতন কত বাড়বে তা উল্লেখ করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের অফিস আদেশে বলা হয়, বেসরকারি প্রতিষ্ঠানের কর্মচারীদের ৫০-৭৫ শতাংশ উন্নীত করা, শিক্ষক-কর্মচারীদের মেডিকেল ভাতা বাবদ ৫০০ টাকা থেকে এক হাজার টাকা ও বাড়ি ভাড়া এক হাজার থেকে দুই হাজার টাকায় উন্নীত করার অনুরোধ জানিয়ে শিক্ষা উপদেষ্টা একটি আধাসরকারি পত্র অর্থবিভাগে পাঠিয়েছেন।

অফিস আদেশে শিক্ষক-কর্মচারীদের বিদ্যমান ভাতার কথাও উল্লেখ করা হয়েছে। তাতে বলা হয়, বেসরকারি প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা বর্তমানে উৎসব ভাতা বাবদ মূল বেতনের ৫০ শতাংশ, মোডিকেল ভাতা বাবদ ৫০০ টাকা এবং বাড়ি ভাড়া বাবদ এক হাজার টাকা পাচ্ছেন।

X